**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 07.07.2026** **Desk in Charge : Susmita M.**
**Time: 7-50PM** **Edit.:- & Compile:- Saibal B.**
**DEO: KB** **NRT : Shuvra C.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে ১২ বছরের নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে কোনও অপরাধীকে রেহাই দেওয়া হবে না বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আবারো স্পষ্ট জানিয়েছেন।

২/ তারাতলায় নির্মীয়মাণ গুদাম ঘরের শেড ধসে নিহতদের পরিবারের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী। **#**এধরণের ঘটনার পুনরাবৃত্তি রুখতে রাজ্য সরকার বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে বলে তিনি জানান।

৩/ রাজ্যের তিনটি রাজ্যসভা আসনে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। **#**আগামী ২৪ জুলাই ঐ তিনটি আসনে ভোট গ্রহণ।

৪/ কলকাতা পুরসভা এলাকায়, অবসরপ্রাপ্ত সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়ার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার।

৫/ সাংসদ অভিষেক ব্যানার্জীর বিরুদ্ধে বেআইনি আর্থিক লেনদনের অভিযোগের তদন্তে আজ ইডি কলকাতার মোট পাঁচটি জায়গায় তল্লাশি চালিয়েছে।

৬/ উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের নিম্নচাপটি আরও পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হওয়ায়, দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কমেছে। **#**উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বেড়েছে।

**********************************************************************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে ১২ বছরের নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে কোনও অপরাধীকে রেহাই দেওয়া হবে না বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন। আজ সাংবাদিক বৈঠকে তিনি জানান, মূল অভিযুক্তদের গ্রেফতার করা হয়েছে এবং গণপিটুনি, অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনায় প্রায় ২০০ জনকে চিহ্নিত করে গ্রেফতারের প্রক্রিয়া চলছে।

( বাইট- মুখ্যমন্ত্রী )

নিহত নাবালিকার পরিবারের সঙ্গে দেখা করে তাঁদের দাবি শোনার পাশাপাশি আর্থিক ও অন্যান্য সহায়তার আশ্বাস দেন মুখ্যমন্ত্রী। সূর্যপুরে একটি পুলিশ আউটপোস্ট গড়ে তোলারও ঘোষণা করেন তিনি। DGP-কে ৭২ ঘণ্টার মধ্যে পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বলেও মুখ্যমন্ত্রী জানান।

আগেই জানানো হয়েছে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনায় মৃতার পরিবারের সঙ্গে দেখা করেন। বারুইপুরে পুলিশ সুপারের অফিসে নির্যাতিতার পরিবারের সদস্যদের পাশাপাশি গণপিটুনিতে মৃত যুবকের পরিবারের সঙ্গেও কথা বলেন তিনি।

এছাড়াও ফুটবল খেলা নিয়ে বিবাদের জেরে খুন হয়ে যাওয়া ১৭ বছরের কিশোর প্রসেনজিত বিশ্বাসের পরিবারের সঙ্গেও দেখা করেছেন শ্রী অধিকারী। বারুইপুর থেকেই মুখ্যমন্ত্রী রাজ্যের সব পুলিশ সুপার ও কমিশনারদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠকে যোগ দেন। এর আগে মুখ্যমন্ত্রী, বারুইপুর কান্ডের তদন্তে গঠিত বিশেষ তদন্তকারী দল (সিট)-এর সদস্যদের সঙ্গে বৈঠক করেন। তদন্তের বর্তমান অগ্রগতি, ফরেন্সিক রিপোর্ট, অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ, পলাতকদের খোঁজ এবং পরবর্তী তদন্তের রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

এদিকে, রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল, বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় এবং ফাল্গুনী পাত্র আজ সকালে বারুইপুরে কন্যাহারা বাবা-মায়ের সঙ্গে দেখা করেন। বারুইপুরে নাবালিকার মৃত্যু ও নির্যাতনের ঘটনায় রাজ্য সরকার কঠোরতম পদক্ষেপ নিচ্ছে বলে মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন। ঘটনার নেপথ্যে মাদকাসক্তির প্রসঙ্গ তুলে তিনি

জানান, রাজ্যজুড়ে বেআইনি মদের ঠেকের বিরুদ্ধে কড়া অভিযান চালানো হবে।

( বাইট- অগ্নিমিত্রা )

পরে বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সাংসদ সায়নী ঘোষ এবং কাকলি ঘোষ দস্তিদারও ঘটনাস্থলে যান।

এদিকে, বারুইপুর কাণ্ডের পরিপ্রেক্ষিতে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ দলের হুগলী সাংগঠনিক জেলার বৈঠকে যোগ দিতে শ্রীরামপুরে এসে বলেন, রাজ্য সরকার তৎপরতার সঙ্গে যেকোনো ধরণের বিচ্যুতি, অসামাজিক কাজকে রুখে দেওয়ার ব্যবস্থা করছে। এই নিয়ে উদ্বিগ্ন হওয়ার প্রয়োজন নেই।

( বাইট-শমীক ভট্টাচার্য )

****************************

বারুইপুরে নাবালিকা ধর্ষণ করে খুনের বর্বরোচিত ঘটনার প্রতিবাদে বর্ধমান এ আজ কংগ্রেসের মোমবাতি মিছিলে নেতৃত্ব দেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। মোমবাতি মিছিলে প্রদেশ কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী ,বর্ধমান জেলা কংগ্রেস সভাপতি দেবেশ চক্রবর্তী প্রমুখ জেলা কংগ্রেস নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা মিছিলে অংশ নেন।

এদিকে, রাজ্যের আইনশৃঙ্খলা ব্যবস্থার উন্নতির জন্য পুলিশের কাজের পদ্ধতি ও প্রণালীতে আমূল সংস্কারের প্রয়োজন বলে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছে। বারুইপুরের নাবালিকার ধর্ষণ ও খুনের ঘটনা এবং আজ কোচবিহারের শীতলকুচিতে মীনাক্ষী মুখোপাধ্যায় সহ দলীয় কর্মীদের ওপর আক্রমণের ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তা প্রমাণ হয় বলে তিনি মনে করেন।

****************************

নাবালিকা নির্যাতন ও হত্যা নিয়ে উত্তপ্ত পরিস্থিতির মধ্যেই ফুটবল খেলাকে কেন্দ্র করে বিবাদের জেরে বারুইপুরে ১৭ বছরের এক কিশোরের হত্যার ঘটনায় তীব্র উত্তেজনা ছড়িয়েছে। ফুলতলা এ ব্লকের বাসিন্দা প্রসেনজিত্ বিশ্বাসের সঙ্গে দিন তিনেক আগে ফুটবল ম্যাচে জয়ী হওয়াকে কেন্দ্র করে কয়েকজন যুবকের বিবাদ হয়। গতকাল প্রসেনজিতকে ডেকে নিয়ে গিয়ে ধারালো অস্ত্র দিয়ে হামলা চালানো হয় বলে অভিযোগ।

রক্তাক্ত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। এই ঘটনায় পুলিশ পাঁচ জনকে গ্রেপ্তার করেছে।

***************************

তারাতলায় নির্মীয়মান গুদামের শেড ধসে প্রাণহানির মত ঘটনার পুনরাবৃত্তি রুখতে রাজ্য সরকার একাধিক পদক্ষেপ করছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। নবান্নে আজ এক অনুষ্ঠানে দুর্ঘটনায় নিহতদের পরিবারের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দিয়ে তিনি বলেন, অর্থ দিয়ে প্রাণহানির ক্ষতি, পূরণ করা সম্ভব নয়, তবে সরকার প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে থাকবে।

পোস্তা, মাঝেরহাট, গার্ডেনরিচ, বড়বাজারের অগ্নিকাণ্ড এবং তিলজলার ঘটনার প্রসঙ্গ তুলে শ্রী অধিকারী বলেন, অতীতে উদ্ধারকাজে বহু ঘাটতি ছিল। তারাতলার ঘটনায় স্থানীয় মানুষ, কলকাতা পুলিশ, পুরসভা ও দমকল ৩০ মিনিটের মধ্যে উদ্ধারকাজ শুরু করে এবং দু'ঘণ্টার মধ্যে সেনা, এনডিআরএফ ও এসডিআরএফকে যুক্ত করা হয়।

(বাইট-মুখ্যমন্ত্রী)

***************************

পশ্চিমবঙ্গের তিনটি রাজ্যসভা আসনে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। আগামী ২৪ জুলাই ঐ তিনটি আসনে উপনির্বাচন হবে। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৪ জুলাই, পরদিন জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা নিরীক্ষা করা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৭ জুলাই। ২৪ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ভোট নেওয়া হবে। ঐ দিনই বিকেল ৫টা থেকে ভোটগণনা।

***************************

সাম্প্রতিক বিভিন্ন ঘটনার প্রতিবাদে তৃণমূল যুব কংগ্রেসের প্রতিবাদ মিছিলে শর্ত সাপেক্ষ অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্য এক নির্দেশে জানিয়েছেন, বালিগঞ্জ ফাঁড়ি থেকে হাজরা মোড় পর্যন্ত মিছিল করা যাবে। মিছিলের সময়সীমা বেলা ২'টো থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত। এক হাজারের বেশী লোকের জমায়েত করা যাবেনা। রাস্তার একটিমাত্র লেন দিয়ে মিছিল করতে হবে। কোনোরকম

অশান্তি হলে, দায় নিতে হবে ওই সংগঠনকেই। বিচারপতি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, এই মিছিলে কোন লাউড স্পিকার ব্যবহার করা যাবেনা।

উল্লেখ্য, তৃণমূল যুব কংগ্রেসের পক্ষ থেকে এর আগে কলকাতা পুলিশের কাছে এই মিছিলের জন্য আবেদন করা হলেও, তা' খারিজ করে দেওয়া হয়। এরপরই তারা হাইকোর্টের দ্বারস্থ হয়।

*****************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় – 'প্রধানমন্ত্রীর ইন্দোনেশিয়া সফর ও সে দেশে প্রবাসী বাঙ্গালীদের জীবনযাত্রা'। প্রধানমন্ত্রীর সফরসঙ্গী আমাদের প্রতিনিধি সন্দীপন দাশগুপ্ত কথা বলেছেন সেখানে বসবাসকারী ভারতীয়দের সঙ্গে।

অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী কলকাতা সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*****************************

কলকাতা পুরসভা এলাকায়, অবসরপ্রাপ্ত সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়ার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। যারা ব্যাঙ্কের মাধ্যমে পেনসন পেয়ে থাকেন, তাঁদের ২০০৮ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত বকেয়া মহার্ঘ্য ভাতার ৫০ শতাংশ এই মুহূর্তে দেওয়া হবে বলে অর্থ দপ্তর সূত্রে খবর। আজ অর্থ দপ্তর থেকে এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী রাজ্যের বাকি অঞ্চলে সরকারি অবসরপ্রাপ্ত কর্মীদের বকেয়া মহার্ঘ্য ভাতা মিটিয়ে দেওয়া হলেও কলকাতা পুরসভার ক্ষেত্রে ব্যাঙ্কের তথ্য সংক্রান্ত কিছু সমস্যা থাকায়, তা' দেওয়া সম্ভব হয়নি। এখনো পুরোপুরি সমস্যা না মিটলেও, প্রায় ৩০ হাজার অবসরপ্রাপ্ত কর্মীদের, কিছুটা স্বস্তি দিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে অর্থ দপ্তর জানিয়েছে।

*****************************

সাংসদ অভিষেক ব্যানার্জীর বেআইনি আর্থিক লেনদনের তদন্ত করতে আজ ইডি কলকাতার মোট পাঁচটি জায়গায় তল্লাশি চালিয়েছে। তাঁর চাটার্ড বিমানের ভাড়া কোথা

থেকে এসেছে, কাদের সঙ্গে কত টাকার লেনদেন হয়েছে, এইসব প্রশ্নের উত্তর খুঁজতে আজকের অভিযান বলে জানা গিয়েছে। এদিন লালবাজার সংলগ্ন এলাকা, সেন্ট্রাল অ্যাভেনিউ, বৌবাজার, রাজারহাটি নিউটাউন ও আশপাশের এলাকায় তল্লাশি চলে। এর মধ্যে অভিষেক ঘনিষ্ঠ এক ব্যবসায়ীর অফিস ও বাড়িও রয়েছে। ওই ব্যবসায়ীর সংস্থা থেকেই অভিষেকের বিমান ভাড়া আসতো বলে খবর।

*******************************

দক্ষিণ ২৪ পরগণায় তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জীর সেবাশ্রয় প্রকল্প নিয়ে জোড়া এফআইআর-এর পর নতুন অভিযোগ দায়ের করেছেন বিজেপি নেতা অভিজিত দাস, ওরফে ববি। গতসন্ধ্যায় পারুলিয়া কোস্টাল থানায় অভিষেক ছাড়াও সুমিত রায়, জাহাঙ্গীর খান, শামিম আহমেদ সহ তৎকালীন জেলাশাসক ও স্বাস্থ্য কর্তাদের বিরুদ্ধে অভিযোগ করেন তিনি।

*******************************

তৃণমূল কংগ্রেস নেত্রী **মহুয়া মৈত্র**-র বিরুদ্ধে হওয়া FIR খারিজ ও তাঁকে রক্ষাকবচ দেওয়া সংক্রান্ত মামলার দ্রুত শুনানির আর্জি খারিজ করে দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য।

এদিকে, আজ প্রাক্তন মন্ত্রী **সুজিত বসুর** জামিনের আবেদনের শুনানিতে তাঁর আইনজীবি অভিষেক মনু সিংভি প্রশ্ন তুলেছেন, ইডি-র আদৌ এই মামলায় গ্রেপ্তার করার ক্ষমতা আছে কিনা। আগামী বৃহস্পতিবার ফের এই মামলার শুনানি চলবে।

*******************************

দুর্গাপুরে আজ 'JIS এডুকেশন এক্সপো-২০২৬'-এর উদ্বোধন করেছেন, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পল। উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য কারিগরি ও পূর্ত দপ্তরের মন্ত্রী ডক্টর অজয় কুমার পোদ্দার, JIS গ্রুপের ম্যানেজিং ডিরেক্টার তরণজিত সিং । উচ্চশিক্ষা ও কেরিয়ার কাউন্সিলিং-এর জন্য পশ্চিম বর্ধমান, পূর্ব বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, ধানবাদ

ও পুরুলিয়ার ১৩০ টি স্কুলের ছাত্র ছাত্রীরা এতে যোগ দেন। একদিনের এই শিক্ষামেলায় উচ্চ শিক্ষা ও কেরিয়ার গঠন নিয়ে বিশেষজ্ঞরা, ছাত্র-ছাত্রীদের সঙ্গে সরাসরি মতবিনিময় করেন। এক্সপোর অন্যতম আকর্ষণ ছিল, অংশগ্রহণকারী স্কুলগুলির মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার কৃতি ছাত্রছাত্রীদের সম্বর্ধনা।

******************************

'ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ', কৃষি উন্নয়নের স্বার্থে তাদের গবেষণায় কর্পোরেট সংস্থাগুলিকে বিনিয়োগের আবেদন জানিয়েছে। কলকাতায় আজ ICAR-এর কর্পোরেট সোশ্যাল রেস্পন্সিবিলিটি কনক্লেভ অনুষ্ঠানে সচিব জ্ঞানেন্দ্র ত্রিপাঠি এক ভিডিও বার্তায় দেশের কৃষি ব্যবস্থাকে শক্তিশালী করতে কর্পরেট সামাজিক দায়বদ্ধতার গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর জোর দিয়েছেন।

******************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের নিম্নচাপটি আরও পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হওয়ায়, দক্ষিণবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ কমেছে। আগামীকাল কলকাতা সহ গোটা দক্ষিণবঙ্গে, মেঘলা আকাশ ও দু'এক পশলা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এক জরুরী সতর্কবার্তায় আলিপুর আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী কয়েক ঘন্টায় ওড়িশা ও পশ্চিমবঙ্গের উপকূলবর্তী এলাকাগুলিতে, ঝোড়ো ও দমকা হাওয়া বয়ে যাবে। বাতাসের গতিবেগ সর্বোচ্চ ৪৫ কিলোমিটার প্রতি ঘন্টা ছাড়াতে পারে। মৎস্যজীবীদের সমুদ্রে যেতে বারণ করা হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ বেড়েছে। আগামী ১০ তারিখ পর্যন্ত, ভারী থেকে অতি ভারী বৃষ্টির 'কমলা সতর্কতা' রয়েছে হিমালয় সন্নিহিত ৫ জেলাতেই। দার্জিলিং ও কালিম্পং জেলায় অতি বৃষ্টির কারণে ভূমিধসের সতর্কতাও দেওয়া হয়েছে।

************************************************************************